ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৫৫৬

কুমারঘাট, ৪ জুলাই, ২০২৫

**আগামী ৯ জুলাই কুমারঘাট মহকুমায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক মহড়া অনুষ্ঠিত হবে**

অতি বর্ষণের ফলে বন্যা ও ভূমি ধ্বসের মতো প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় মানুষকে সচেতন করতে এবং কিভাবে ক্ষয়ক্ষতি হ্রাস করতে হবে সে বিষয়ে কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ৯ জুলাই মহকুমার ৬টি স্থানে মহড়া সংগঠিত করা হবে। এ উপলক্ষে কুমারঘাট মহকুমা শাসক কার্যালয়ে গত ২ জুলাই এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, মহকুমা শাসক এন এস চাকমা, এস ডি পি ও উৎপলেন্দু দেবনাথ, ডিসিএমগণ ও বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ৯ জুলাই সকাল সাড়ে ৭ টায় দেও নদী সংলগ্ন দশমীঘাট, হালাইমুড়ায় দেও নদীর পাশে সর্দার বল্লভভাই প্যাটেলের মূর্তির সামনে ও নেতাজী চৌমুহনীর পাশের বিশাল জলাশয়ের সামনে একযোগে মহড়া সংগঠিত করা হবে। পাশাপাশি নাটিংছড়া, আসাম-আগরতলা জাতীয় সড়কের কাছাড়িছড়া নাকা পয়েন্টের সামনে ও রতিয়াবাড়ি ওয়ান স্টপ সেন্টারের সামনে ভূমি ধ্বসের ফলে ক্ষতিগ্রস্ত মানুষকে কিভাবে উদ্ধার করতে হয় সে বিষয়ে একযোগে মহড়া প্রদর্শন করা হবে। সম্পূর্ণ মহড়া প্রদর্শনের কর্মসূচি কিভাবে সংগঠিত করা হবে এবং কোন কোন দপ্তরের কী কী দায়িত্ব থাকবে এ নিয়ে সভায় বিস্তৃত আলোচনা করা হয়। মহড়া কর্মসূচিতে পূর্ত, পানীয়জল ও স্বাস্থ্যবিধি, বন, প্রাণীসম্পদ বিকাশ, কৃষি, বিদ্যুৎ, অগ্নি নির্বাপক, স্বাস্থ্য, পুলিশ, এনডিআরএফ, সিভিল ভলান্টিয়ার, আপদামিত্র ও এনজিও'র কর্মকর্তাগণ অংশ নেবেন।

********